

বিসিএস : নতুন শর্তের প্রতিবাদে রাবি উত্তপ্ত : কাল ছাত্র ধর্মঘট

রাজশাহী ব্যুরো

১৫তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের বাংলা এবং ইংরেজিতে পৃথকভাবে ৪৫ নম্বর পেতে হবে- পিএসসি'র এই সিদ্ধান্ত ব্যক্তিদের দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা প্রতিবাদী হয়ে উঠেছে। ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধসহ মিছিল সমাবেশে উত্তপ্ত হয়ে ওঠেছে ক্যাম্পাস। ছাত্রছাত্রীদের এই দাবি বাস্তবায়ন করতে বিশ্ববিদ্যালয়ে গঠন করা হয়েছে সাধারণ ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদ। সংগ্রাম পরিষদ সোমবার ক্যাম্পাসে মিছিল শেষে সমাবেশ থেকে আগামীকাল বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের ডাক দিয়েছে। সোমবার সকালে সাধারণ ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল বের করে।

মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান চটকে গিয়ে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করে সেখানে সমাবেশ করে। সকাল সাড়ে ১০টা থেকে ১১টা পর্যন্ত অবরোধ চলাকালে সেখানে সমাবেশে বক্তব্য রাখেন সংগ্রাম পরিষদের আহ্বায়ক রেজাউল করিম, আকরিয়া, শহীদুল্লাহ, আবু সাঈদ, রাহুল প্রমুখ। অবরোধের সময় পুলিশ বাধা উদয়র চেষ্টা করলে ছাত্রছাত্রীদের বিক্ষোভের মুখে তারা ফিরে যায়। অবরোধ শেষে ছাত্রছাত্রীরা আবার মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে লাইব্রেরি চত্বরে এক সমাবেশে মিলিত হয়। এই সমাবেশ থেকে আগামীকাল বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ধর্মঘটের ডাক দেয়া হয়। এর আগে শনিবার রাতে পিএসসি'র এই সিদ্ধান্ত ঘোষণার সঙ্গে সঙ্গে সাধারণ ছাত্ররা উপাচার্য বাসভবন ঘেরাওর মাধ্যমে সেখানে এক সমাবেশ করে।